

প্রথম পরিচ্ছেদ

সামষ্টিক অর্থনৈতিক পর্যালোচনা ও উন্নয়ন কৌশল

২০০১-০২ এবং ২০০২-০৩ অর্থ বছর বাংলাদেশের অর্থনীতির জন্য এক গুরুত্বপূর্ণ কালপর্ব। এ সময়ে দেশের অর্থনীতি এক নাজুক অবস্থা থেকে পুনরুদ্ধারের প্রক্রিয়ায় স্থিতিশীল অবস্থায় পৌঁছে। স্মর্তব্য, বর্তমান সরকারকে পূর্ববর্তী সরকারের অর্থনৈতিক অব্যবস্থাপনার কারণে এক বিপর্যস্ত নাজুক অর্থনীতি পরিচালনার দায়িত্ব গ্রহণ করতে হয়। তদুপরি, বিশ্ব অর্থনীতিতে বিদ্যমান প্রতিকূল পরিবেশ এবং ১১ই সেপ্টেম্বর মার্কিন যুক্তরাষ্ট্রে সংঘটিত সন্ত্রাসী হামলার বিরূপ প্রভাবে অর্থনীতি আরও নাজুক এবং অস্থিতিশীল হয়ে পড়ে। উদ্ভূত পরিস্থিতিতে বর্তমান সরকার বাস্তবমুখী পুনরুদ্ধার কর্মসূচি ত্বরিত বাস্তবায়ন করে অর্থনীতিতে স্থিতিশীলতা ফিরিয়ে আনতে সক্ষম হয়। তথাপি অর্থনীতিতে আরও ব্যাপক সংস্কার কার্যক্রম এবং অধিকতর গতিসঞ্চারণের চাহিদা বিদ্যমান থাকে। বাংলাদেশের সামাজিক-রাজনৈতিক বাস্তবতায় এ ধরনের সংস্কার আনয়ন দুরূহ চ্যালেঞ্জ হিসেবে আবির্ভূত হলেও গত দেড় বছরের নিরলস প্রয়াসে সরকার সাফল্যের সাথে তা মোকাবেলা করে।